দৈনিক ইত্তেফাক

তাং ... 9 APR 2003 ... 9 APR
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# শিক্ষা মেলা সমাপ্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ গত সোমবার জাতীয় প্রেস ক্লাবে দুদিনব্যাপী শিক্ষা মেলা শেষ হয়েছে। সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। সভাপতিত্ব করেন গণ সাক্ষরতা অভিযানের উপদেষ্টা আ ন ম ইউসুফ। মেলায় শ্লোগান ছিল 'মেয়ে শিশুর শিক্ষার জন্য জাগো বাংলাদেশ, জাগো পৃথিবী।' ৬ই এপ্রিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপিকা জাহানারা বেগম মেলার উদ্বোধন করেন।

# দি ওয়ার্ল্ড এডুকেশন সেন্টার উদ্বোধনের প্রস্তুতি সম্পন্ন

রাজধানীর ৫/ডি সিদ্ধেশ্বরী লেনে দি ওয়ার্ল্ড এডুকেশন এন্ড হিউম্যান রিসার্চ ডেভেলপমেন্ট সেন্টার-এর কাজ শুরুর প্রস্তুতি প্রায় সম্পন্ন হওয়ার পথে। এই সেন্টারে সংরক্ষিত আছে বিশ্বের বিশেষত বাংলাদেশ থেকে প্রায় দু'দশক ধরে প্রকাশিত পত্র-পত্রিকা (ইংরেজী, (১৮শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## দি ওয়ার্ল্ড এডুকেশন

(৩য় পৃঃ পর)

বাংলা দৈনিক, সাপ্তাহিক ও পাক্ষিক)। এছাড়া রয়েছে জ্ঞান বিজ্ঞানের ওপর গুরুত্বপূর্ণ বিভিন্ন বই। ধর্ম-বিজ্ঞান-ইতিহাস-চিত্রকলা-সাহিত্য-সংস্কৃতি ইত্যাদির ওপর সম্প্রতি প্রকাশিত বই এবং প্রামাণ্যচিত্র সংগ্রহ করাও এই কেন্দ্রের উদ্দেশ্য। -প্রেস বিজ্ঞপ্তি